

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

নং: ৫৮.০২.০০০০.০০০.০০৮.৯৮.০১৮.২০- ৬৭


৩৫ আষাঢ়, ১৪৩৩
তারিখ: ২৭ জুন, ২০২৬

বিষয় : বেসরকারি পর্যায়ে পরিচালিত মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান প্রদানে আবেদনপত্র আহ্বান ও প্রক্রিয়াকরণ সময়সীমা অবহিতকরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা কার্যক্রম উন্নত করার লক্ষ্যে বেসরকারি পর্যায়ে পরিচালিত মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এ উদ্দেশ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সরকারি অনুদান নীতিমালা-২০২৫ এর আলোক ২০২৬-২০২৭ অর্থবছরে বেসরকারি পর্যায়ে পরিচালিত মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান বিতরণের জন্য আবেদন আহ্বান ও প্রক্রিয়াকরণ সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

বিষয়	নির্ধারিত তারিখ
(ক) মেট্রো/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ	৩১/৭/২০২৬
(খ) আবেদনপত্রসমূহ বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ	৩০/৯/২০২৬
(গ) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় কর্তৃক সকল আবেদনপত্র মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ	৩১/১০/২০২৬
(ঘ) যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষণ ও সুপারিশ মহাপরিচালকের নিকট দাখিলের সর্বশেষ তারিখ	১৫/১২/২০২৬
(ঙ) মহাপরিচালক কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রদান ও অনুদান বিতরণের তারিখ	৩১/৩/২০২৭

২। গত ১৬ জুন, ২০২৬ তারিখের দৈনিক কালবেলা ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় অনুদান বিষয়ক আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদনের তথ্যাবলি প্রদানের সুবিধার্থে একটি “ছক” প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। আবেদনপত্রসমূহ স্ব-স্ব অফিসে প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উপর্যুক্ত তারিখ অনুযায়ী বর্ণিত নীতিমালার অন্যান্য বিধিবিধান অনুসরণ, সংযুক্ত ছক মোতাবেক তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র এবং জেলা/মেট্রোপলিটন যাচাইবাছাই কমিটি কর্তৃক “পরিশিষ্ট-গ” অনুযায়ী বিষয়ভিত্তিক প্রাপ্ত নাম্বার উল্লেখপূর্বক আবেদনসমূহ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: জাকির হোসেন)

সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২- ২২ ৬৬৬ ৫১২৯

বিতরণ:

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, (ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ)।
- ২। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রোঃ / জেলা কার্যালয়-----

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। পরিচালক, (প্রশাসন/ অপারেশন/ নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

‘‘ছক’’

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
বিভাগীয় কার্যালয়ে র নাম	মেট্রো/জেলা কার্যালয়ের নাম	ক্রম ক নং	অনুপদনের জন্য আবেদনপত্র শাইসেক্স প্রাঙ্গণ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	শাইসেক্স নম্বর, ইঙ্গুর তারিখ ও সর্বশেষ নবায়নের তারিখ	শাইসেক্স প্রাঙ্গণের পর অতিক্রান্ত সময়	২০২৪-২০২৫ অর্থবছরে অনুপদন পেয়ে থাকলে তা কোন খাতে ব্যয় করা হয়েছে তার হিসাব বিবরণী (প্রয়োজনে পৃথক কাপজে সংযুক্ত করতে হবে)	নারী ও শিশুদের শিক্ষণ প্রদান করা হয় কিনা	নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের অবস্থান (মাপক প্রবণ এক্সাকা বিবেচনায়)	বেড সংখ্যা	গত অর্থবছরে (২০২৫- ২০২৬) শিক্ষণ সেবাপ্রাপ্ত গোপীর সংখ্যা	ছক প্রসিদ্ধ গ্রহণ করতে কিনা, করলে কত জন (৩ বছর পূর্বে/ গত ৩ বছরে)	মাপক বিলোম্বী প্রচারণায় সক্রিয় অংশগ্রহণ করেছে কিনা	সংশ্লিষ্ট কেন্দ্রের নথি ব্যবস্থাপনা, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং পর্যাপ্ত নাটক তিনশি কামেরা/ ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রয়েছে কিনা (প্রয়োজনে পৃথক কাপজে তথ্য সংযুক্ত করতে হবে)	আবেদনের তারিখ


১৭.০৬.২০২৬